

# 💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৯৮]

পর্ব-১৪: জুমু'আহ্ (غِوْمُجُا الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ১৮: খুৎবা দেয়ার সময় ইমামের দাঁড়ানো

قِيَامُ الإِمَامِ فِي الْخُطْبَةِ

#### আরবী

أخبرنا أحمد بن عبد الله بن الحكم قال حدثنا محمد بن جعفر قال حدثنا شعبة عن منصور عن عمرو بن مرة عن أبي عبيدة عن كعب بن عجرة قال: دخل المسجد وعبد الرحمن بن أم الحكم يخطب قاعدا فقال انظروا إلى هذا يخطب قاعدا وقد قال الله عز وجل وإذا رأوا تجارة أو لهوا انفضوا إليها وتركوك قائما .

تخريج دارالدعوه: صحيح مسلم/الجمعة ١١ (٨٦٣)، (تحفة الأشراف: ١١١٢٠) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1398 \_

#### বাংলা

১৩৯৭. আহমাদ ইবনু 'আবদুল্লাহ ইবনুল হাকাম (রহ.) ..... কা'ব ইবনু 'উজরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তিনি একদিন মসজিদে প্রবেশ করলেন, তখন 'আবদুর রহমান ইবনু উম্মু হাকাম (রাঃ) বসে খুৎবা দিচ্ছিলেন। তিনি (উপস্থিত মুসল্লীদের লক্ষ্য করে) বললেন, আপনারা এর দিকে তাকান, ইনি বসে খুৎবা দিচ্ছেন। অথচ আল্লাহ তা'আলা বলেছেন- "যখন তারা দেখল ব্যবসা ও কৌতুক, তখন তারা আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে তার দিকে ছুটে গেল"- (সূরাহ আল জুমু'আহ ৬২: ১১)।

## **English**

The Imam Should Stand During The Khutbah

It was narrated that Ka'b bin 'Ujrah said that: He entered the masjid and



'Abdur-Rahman bin Umm Al-Hakam was delivering the Khutbah while seated. He said: 'Look at this man who is delivering the khutbah while seated when Allah (SWT) says: And when they see some merchandise or some amusement they disperse headlong to it, and leave you standing.'

### ফুটনোট

সহীহ: মুসলিম ৮৬৪, নাসায়ী'র "সুনানুল কুবরা" ১৭১২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন